গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৯১

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২ / ০১ জুন ২০২৫

**বিষয়: ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণ করার লক্ষ্যে এয়ার ফ্লো মেশিন স্থাপন প্রণোদনা কর্মসূচি বাবদ জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৮৯, তারিখ: ১/০৬/২০২৫ খ্রি.
২) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৮৮, তারিখ: ০১/০৬/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণ করার লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে এয়ার ফ্লো মেশিন স্থাপন বাবদ ১০৮৪.০০ লক্ষ (দশ কোটি চুরাশি লক্ষ) টাকা ০২ অনুচ্ছেদে প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি সহায়তার বিবরণ ০৩ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি সহায়তার বিবরণ নিম্নরূপ:

| ক্রমিক নং | উপকরণ/ খাত | মেশিনপ্রতি আর্থিক সহায়তা (টাকা) | | |
|---|---|---|---|---|
| | | জন প্রতি/বিঘাপ্রতি উপকরণ সহায়তা | একক মূল্য (টাকা) | একটি মেশিনের জন্য আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | এয়ার ফ্লো মেশিন | ১ | ২৭০০০ | ২৭০০০ |
| ২ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত | থোক | ১০০ | ১০০ |
| | **মোট** | | | **২৭১০০** |

০৩। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি)

(লক্ষ টাকা)

| ক্র: নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|
| | | | মেশিন বাবদ ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ১ | পাবনা | ৮০০ | ২১৬.০০ | ০.৮ | ২১৬.৮০০ | ২১৬.৮০০ |
| ২ | ফরিদপুর | ৭০০ | ১৮৯.০০ | ০.৭ | ১৮৯.৭০০ | ১৮৯.৭০০ |
| ৩ | রাজবাড়ী | ৫০০ | ১৩৫.০০ | ০.৫ | ১৩৫.৫০০ | ১৩৫.৫০০ |
| ৪ | রাজশাহী | ৩০০ | ৮১.০০ | ০.৩ | ৮১.৩০০ | ৮১.৩০০ |
| ৫ | কুষ্টিয়া | ২০০ | ৫৪.০০ | ০.২ | ৫৪.২০০ | ৫৪.২০০ |
| ৬ | ঝিনাইদহ | ২০০ | ৫৪.০০ | ০.২ | ৫৪.২০০ | ৫৪.২০০ |
| ৭ | মাগুড়া | ২০০ | ৫৪.০০ | ০.২ | ৫৪.২০০ | ৫৪.২০০ |
| ৮ | মানিকগঞ্জ | ১০০ | ২৭.০০ | ০.১ | ২৭.১০০ | ২৭.১০০ |
| ৯ | নাটোর | ১০০ | ২৭.০০ | ০.১ | ২৭.১০০ | ২৭.১০০ |
| ১০ | নওগাঁ | ৮০ | ২১.৬০ | ০.০৮ | ২১.৬৮০ | ২১.৬৮০ |
| ১১ | মেহেরপুর | ৬০ | ১৬.২০ | ০.০৬ | ১৬.২৬০ | ১৬.২৬০ |
| ১২ | চাঁপাই নবাবগঞ্জ | ৬০ | ১৬.২০ | ০.০৬ | ১৬.২৬০ | ১৬.২৬০ |
| ১৩ | মাদারীপুর | ৬০ | ১৬.২০ | ০.০৬ | ১৬.২৬০ | ১৬.২৬০ |
| ১৪ | শরীয়তপুর | ৬০ | ১৬.২০ | ০.০৬ | ১৬.২৬০ | ১৬.২৬০ |
| ১৫ | গোপালগঞ্জ | ৬০ | ১৬.২০ | ০.০৬ | ১৬.২৬০ | ১৬.২৬০ |
| ১৬ | রংপুর | ৬০ | ১৬.২০ | ০.০৬ | ১৬.২৬০ | ১৬.২৬০ |
| ১৭ | বগুড়া | ৬০ | ১৬.২০ | ০.০৬ | ১৬.২৬০ | ১৬.২৬০ |
| ১৮ | কুড়িগ্রাম | ৫০ | ১৩.৫০ | ০.০৫ | ১৩.৫৫০ | ১৩.৫৫০ |
| ১৯ | জামালপুর | ৫০ | ১৩.৫০ | ০.০৫ | ১৩.৫৫০ | ১৩.৫৫০ |
| ২০ | দিনাজপুর | ৫০ | ১৩.৫০ | ০.০৫ | ১৩.৫৫০ | ১৩.৫৫০ |

| ক্র: নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|
| | | | মেশিন বাবদ ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ২১ | সিরাজগঞ্জ | ৫০ | ১৩.৫০ | ০.০৫ | ১৩.৫৫০ | ১৩.৫৫০ |
| ২২ | গাইবান্ধা | ৫০ | ১৩.৫০ | ০.০৫ | ১৩.৫৫০ | ১৩.৫৫০ |
| ২৩ | জয়পুরহাট | ৫০ | ১৩.৫০ | ০.০৫ | ১৩.৫৫০ | ১৩.৫৫০ |
| ২৪ | টাঙ্গাইল | ৫০ | ১৩.৫০ | ০.০৫ | ১৩.৫৫০ | ১৩.৫৫০ |
| ২৫ | যশোর | ৫০ | ১৩.৫০ | ০.০৫ | ১৩.৫৫০ | ১৩.৫৫০ |
| | মোট | ৪০০০ | ১০৮০.০০ | ৪.০০ | ১০৮৪.০০০ | ১০৮৪.০০০ |

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে পেঁয়াজের সংরক্ষণের উপযুক্ততা অনুযায়ী ইউনিয়নভিত্তিক বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। এ ক্ষেত্রে পেঁয়াজ সংরক্ষণে আগ্রহী এবং ঘরের ৪ টি দেয়াল ও মাচা তৈরির সক্ষমতা রয়েছে এমন কৃষক নির্বাচন করতে হবে। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থ হতে সরকারি আদেশে বর্ণিত পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৩. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৪. অগ্রাধিকার তালিকা অনুমোদনের পর পেঁয়াজ সংরক্ষণে আগ্রহী কৃষক কর্তৃক পেঁয়াজ সংরক্ষণ ঘরের ৪ টি দেয়াল ও মাচা তৈরি সম্পন্ন করতে হবে এবং পেঁয়াজ উৎপাদনকারী কৃষকের চাহিদার ভিত্তিতে যেকোন প্রতিষ্ঠিত সরকার কর্তৃক অনুমোদন প্রাপ্ত ও প্রতিষ্ঠিত এয়ার ফ্লো মেশিন প্রস্তুতকারী প্রতিষ্ঠান হতে জেলা/ উপজেলা পুনর্বাসন কমিটির শর্তাবলী অনুসরণ পূর্বক নগদ মূল্য পরিশোধ করে কৃষককে এয়ার ফ্লো মেশিন সংগ্রহ করতে হবে এবং পেঁয়াজ সংরক্ষণ করতে হবে;

৫. উপজেলা কমিটি কর্তৃক এয়ার ফ্লো মেশিন যাচাই পূর্বক মাস্টাররোল অনুসরণ করে ব্যাংক হিসেবে প্রদেয় চেকের মাধ্যমে প্রণোদনার ২৭০০০ টাকা পরিশোধ করা হবে;

৬. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য এয়ার ফ্লো মেশিনের ফ্যানের তিন বছরের রিপ্লেসমেন্ট গ্যারান্টি সেবা এবং ১০ বছরের ফ্রি সার্ভিস ওয়ারেন্টি বা বিক্রয়োত্তর সেবা থাকতে হবে। গ্রাহক এয়ার ফ্লো মেশিন বিষয়ে কোন অভিযোগ উত্থাপন করলে সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক ২৪ ঘণ্টার মধ্যে বিক্রয়োত্তর সেবা প্রদান করবেন। এয়ার ফ্লো মেশিন কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট এয়ার ফ্লো মেশিন প্রস্তুতকারী প্রতিষ্ঠান দায়ী থাকবেন। বিষয়টি নিশ্চিতকল্পে কৃষক এবং প্রস্তুতকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠান উপজেলা কৃষি অফিসারের উপস্থিতিতে একটি চুক্তিনামা স্বাক্ষর করবেন;

৭. এয়ার ফ্লো মেশিন বিতরণ শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন **ই-মেইলযোগে** admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;

৮. প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার পরে যথাসম্ভব দ্রুততার সাথে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com ই-মেইলে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ২৫ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। **অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে।** কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;

৯. **অন্যান্য ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;** এবং

১০. **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/ পুনর্বাসন কর্মসূচির সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে**

১১. **প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলার নাম:

উপজেলার নাম:

ইউনিয়ন/ পৌরসভার নাম :

গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| ক্রঃ নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত এয়ার ফ্লো মেশিন স্থাপন বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

০৭/০৬/২৫

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

জেলা প্রশাসক ও সভাপতি,
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২৫জেলা)।

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৯১

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২ / ০১ জুন ২০২৫

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
৯. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১২. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট জেলা)।
১৫. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৭. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)**।
১৮. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮/০৬/২৫

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব